

বিশ্বক
২৬

আশা বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম ২১ মে শুরু

শ্রেণি বিস্তারিত : আগামী ২১ মে শিক্ষার
ওপলতমান অক্ষুণ্ণ রেখে দক্ষ জনশক্তি পড়ার
ব্রত নিয়ে আশা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-এর
ভিত্ত সূচনা হতে থাকে। প্রাথমিকভাবে ৫টি
বিষয়ে শিক্ষাদানের মধ্য দিয়ে আশা
বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরু
হবে। এগুলো হচ্ছে বিবিএ, এমবিএ
(সেগেলার), এমবিএ (এক্সিউটিভ), ইংরেজী
(সম্মান) এবং এলএলবি (সম্মান)।
পর্যায়ক্রমে আরও ১১টি বিষয়কে পাঠক্রমের
অন্তর্ভুক্ত করা হবে। ঢাকা, চট্টগ্রাম ও
জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়েই বর্তমান ও
প্রাক্তন অভিজ্ঞ শিক্ষকগণ যারা বিদেশে
উচ্চশিক্ষা গ্রহণ এবং শিক্ষকতা করেছেন
তাদের তত্ত্বাবধানে আশা বিশ্ববিদ্যালয়ের
পাঠক্রম পরিচালিত হবে।

এই বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম আগামী ৩
এপ্রিল থেকে পাওয়া যাবে এবং ২ এপ্রিল
ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২০ মে পর্যন্ত
ছাত্রছাত্রীদের ভর্তি করা হবে এবং ২১ মে
শ্রীমতীকালীন সেমিটারের ক্লাস শুরু হবে।
আশা টাওয়ার, শ্যামদী, ঢাকা- এ ঠিকানায়
যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে।